রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার, মার্চ ২, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

সমন্বয় ও প্রশিক্ষণ শাখা

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ই ফাল্গুন, ১৩৯৫/১লা মার্চ, ১৯৮৯

**নং এস, আর, ও ৬২-আইন/৮৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:

১। **সংক্ষিপ্ত শিরনামা**।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য) কর্মকর্তাদের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ Public Administration Training Centre বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান;

(ঘ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৫ এর অধীনে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষা;

(ঙ) "শিক্ষানবিস" অর্থ কোন শূন্য নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে উপযুক্ত কোন ব্যক্তি;



মূল্য: ৬০ পয়সা

(চ) "শিক্ষানবিসীকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 6(1) এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত rule অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **শিক্ষানবিসীকাল।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত প্রত্যেক বিসিএসঃ তথ্য (সাধারণ/রেডিও/প্রকৌশল) কর্মকর্তা, উক্ত স্থায়ী শূন্য পদে বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসর সময়ের জন্য শিক্ষানবিস হিসাবে থাকিবেন;

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে সরকার মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে সরকার তাঁহার শিক্ষানবিসকাল উত্তীর্ণ হইবার পূর্বেই কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(৩) পদোন্নতিপ্রাপ্ত বিসিএস (তথ্য) কর্মকর্তাদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিসীকাল প্রযোজ্য হইবে এবং শিক্ষানবিসীকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হইলে সরকার তাঁহার পদোন্নতির অবসান ঘটাইয়া যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন;

(৪) সরকার—

(ক) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হওয়ার পর যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৫) এর বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন;

(খ) যদি শিক্ষানবিসকালে শিক্ষানবিসী কর্মকর্তার কাজকর্ম সন্তোষজনক বলিয়া মনে না করেন, তবে তাঁহার শিক্ষানবিসীকাল বাড়াইতে পারিবেন কিন্তু এই বর্ধিত মেয়াদ দুই বৎসরের অধিক হইবে না;

**ব্যাখ্যাঃ** এই উপ-বিধির অধীনে যতক্ষণ পর্যন্ত একজন শিক্ষানবিসী কর্মকর্তার শিক্ষানবিসকাল বৃদ্ধি সংক্রান্ত আদেশ জারী না হয়, ততক্ষণ পর্যন্ত শিক্ষানবিসীর মেয়াদ বৃদ্ধি হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) এই বিধি মোতাবেক নির্ধারিত প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত কোন শিক্ষানবিসী কর্মকর্তার চাকুরী স্থায়ী করা হইবে না।

৪। **প্রশিক্ষণ।**—(১) শিক্ষানবিসীকালে সরকার Bangladesh Civil Service Recruitment Rules, 1981-এর rule 7 অনুসারে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রত্যেক শিক্ষানবিসকে বুনিয়াদী প্রশিক্ষণ (Foundational Training) দানের জন্য ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণের পাঠক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাঁহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণ সমাপ্তির পর সরকারের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে, উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাঁহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৫। **বিভাগীয় পরীক্ষা।**—(১) শিক্ষানবিসীকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বিধৃত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় পাশ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৬। **বিভাগীয় পরীক্ষার সময়সূচী, ইত্যাদি।**—প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং কমিশন উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষংগিক তথ্যাদি সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৭। **বিভাগীয় পরীক্ষায় পাশের নম্বর।**—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রে শতকরা ৬০ নম্বর কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় পাইলে তাঁহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিসের পরীক্ষার ফলাফল গেজেটে প্রকাশ করিবে।

৮। **একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ।**—কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্র বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাঁহার শিক্ষানবিসীকালে, সেই পত্র বা পত্রসমূহে পরীক্ষা দেওয়ার জন্য তাঁহাকে এক বা একাধিকবার সুযোগ দেওয়া যাইবে।

৯। **প্রশ্নপত্র।**—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(২) হিসাব বিষয়ে দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-মহাহিসাব নিয়ন্ত্রক এর নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(৩) সরকার প্রয়োজনবোধে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

তফসিল

বিসিএস (তথ্য) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের

বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

(১) প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময়—৩ ঘন্টা

পূর্ণ নম্বর—১০০ (পাশ নম্বর—৬০)।

পাঠ্য বিষয়সমূহঃ

(ক) ১৯২৩ সনের অফিসিয়াল সিক্রেট এ্যাক্ট ও সরকারী সম্পত্তির নিরাপত্তা ও ক্লাসিফায়েড ম্যাটেরিয়ালস ব্যবহারের নির্দেশাবলী।

(খ) ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা।

(গ) সরকারী কর্মচারী আচরণ বিধি, ১৯৭৯।

(ঘ) সরকারী কার্যবিধিমালা, ১৯৭৫ (হাল নাগাদ সংশোধনীসহ)।

(ঙ) সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬।

(চ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কার্য বন্টন।

(ছ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন রেগুলেশন, ১৯৭৯।

(জ) বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগবিধি, ১৯৮১।

(ঝ) বাংলাদেশের সংবিধান।

(২) দ্বিতীয় পত্র

হিসাব (পুস্তকসহ)

সময়—৩ ঘন্টা

পূর্ণ নম্বর—১০০ (পাশ নম্বর—৬০)।

পাঠ্য বিষয়সমূহঃ

(ক) বাংলাদেশ ফাইনান্সিয়াল রুলস্।

(খ) বাংলাদেশ সার্ভিস রুলস, ১ম ও ২য় খন্ড (সংশোধিত)।

(গ) ফান্ডামেন্টাল রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্।

(ঘ) ট্রেজারী রুলস্, ভলিউম ১ ও ২।

(ঙ) ভবিষ্য তহবিল বিধি, ১৯৭৯ ও যৌথ বীমা অধ্যাদেশ, ১৯৮২ (হাল নাগাদ সংশোধনীসহ)।

(চ) সরকারী কর্মচারী অবসর গ্রহণ আইন, ১৯৭৪ ও অবসর গ্রহণ বিধি, ১৯৭৫।

(ছ) সিভিল একাউন্টস কোড।

(জ) বাংলাদেশ অডিট ম্যানুয়েল।

(ঝ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক আর্থিক ক্ষমতা।

(৩) তৃতীয় পত্র

তথ্য ক্যাডার কর্মকর্তাদের সংশ্লিষ্ট কাজকর্ম সম্বন্ধীয় বিষয়াদি

সময়—৩ ঘন্টা

পূর্ণ নম্বর—১০০ (পাশ নম্বর—৬০)।

(ক) বিসিএস (তথ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য (রেডিওতে নিয়োজিত কর্মকর্তা ব্যতীত অন্যান্য সকলের জন্য):

পাঠ্য বিষয়সমূহ: Constitutional Provisions relating to press:

(i) Laws on Service Conditions of Newspaper employees:

(a) Newspaper Employees (Conditions of Service) Act, 1974.

(b) The Industrial Relations (Regulation) Ordinance, 1982.

(c) The Employment of Labour (Standing Orders) Act, 1965.

(ii) Press and Publication Ordinance, 1963.

(iii) Printing Press and Publications (Declaration and Registration) Act, 1973 (Act XXIII of 1973).

(iv) Press Council Act, 1974 (Act XXV of 1974).

(v) The Copyright Ordinance, 1962 (Ord. XXXIV of 1962).

(vi) Special Powers Act, 1974 [Section 2 (6), 16 and 18].

(vii) Criminal Procedure Code (Section 99A, 99B, 99C, 99D, 99E, 99F and 99G).

(viii) The Telegraphs Act, 1931.

(ix) The Post Office Act. (Section 27B, 27C and 27D).

(x) The Children Act, 1974 (Act XXIX of 1974) (Section 1 & 17).

(xi) The Indecent Advertisements Prohibitions Act, 1963 (Act XII of 1963).

(xii) The Breast Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984.

(xiii) Bangladesh Penal Code, 1860 (Section 123A, 124A, 292, 293, 499, 502).

(xiv) Censorship of Film Act, 1963.

(xv) Censorship of Film Rules, 1977.

(খ) বিসিএস (তথ্য) রেডিও কর্মকর্তাদের জন্য

সময়—৩ ঘণ্টা

পূর্ণ নম্বর—১০০ (পাশ নম্বর—৬০)।

পাঠ্য বিষয়সমূহঃ

(i) The Telegraphs Act, 1931.

(ii) The Post Office Act, 1898 (Section 27B, 27C & 27D).

(iii) The Copyright Ordinance, 1962 (Ord. XXXIV of 1962).

(iv) Special Powers Act, 1974 [Sec. 2(6), 16 and 18].

(v) The Indecent Advertisements Prohibitions Act, 1963 (Act XII of 1963).

(vi) The Breast Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984.

(vii) Bangladesh Penal Code, 1860 (Section 123A, 124A, 292, 293, 499, 500, 501 and 502).

(viii) Press Council Act, 1931.

(ix) Press and Publication Ordinance, 1963.

(x) International Telecommunication Union (ITU)—Its Constitution, Functions, Conventions.

(xi) International Frequency Registration Board (IFRB) and their implication for Bangladesh.

(xii) Asia-Pacific Broadcasting Union—Its Constitution, Function and Convention.

(xiii) International Radio Consultative Committee—Its Function and Convention.

(xiv) Radio Management—Principles and Problems.

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ, ন, ম, ইউসুফ

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।